

# ষুণ্ঠয়

প্রিন্ট: ১০ এপ্রিল ২০২৫, ০২:৪১ পিএম

## শিক্ষাজ্ঞন

# রাবির ভর্তি পরীক্ষায় ভুলে ভরা প্রশ্নপত্র



রাবি প্রতিনিধি

প্রকাশ: ১৯ এপ্রিল ২০২৫, ০৯:২৩ পিএম



ফাইল ছবি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষের ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষায় জুলাই আন্দোলনে শহীদ আবু সাঈদ, অপারেশন ‘ডেভিল হান্ট’, ফিলিস্তিন ইস্যু, ফ্যাসিবাদ ও ড. ইউনুস নিয়ে প্রশ্ন এসেছে। এছাড়া প্রথম শিফট’র একাধিক প্রশ্নে ভুল ও সঠিক

উত্তর নেই এমন প্রশ্নও করা হয়েছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় প্রশাসন জানিয়েছে, অঞ্চিতপূর্ণ প্রশ্নগুলোর ক্ষেত্রে সব পরীক্ষার্থীকে পূর্ণ নম্বর দেওয়া হবে।

শনিবার (১৯ এপ্রিল) বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত প্রথম শিফটের এবং দুপুর আড়াইটা থেকে বিকেল সাড়ে তিনটা পর্যন্ত দ্বিতীয় শিফটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়।

প্রথম শিফটে সাধারণ জ্ঞান অংশে প্রশ্ন করা হয়েছে, শহীদ আবু সাঈদকে নিয়ে অঙ্গীকৃত শিল্পকর্ম ‘উন্নত মম শির’-এর শিল্পী কে?, ‘কোন সময়কালকে জেনারেশন-জি (জেন-জি)-এর ব্যাপ্তি ধরা হয়?।

এছাড়া বর্তমান অন্তর্বর্তী সরকার নিয়ে দুটি প্রশ্ন এসেছে। একটি হলো- ‘বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার গঠিত হয় কত তারিখে?’ এবং দ্বিতীয়টি ‘বর্তমান অন্তর্বর্তীকালীন সরকার কতটি সংস্কার কমিশন গঠন করেছে?’

এদিকে দ্বিতীয় শিফটের সাধারণ জ্ঞান অংশে প্রশ্ন এসেছে, ‘আবু সাঈদ কোন বিভাগের ছাত্র ছিলেন?’, ‘অপারেশন ‘ডেভিল হান্ট’ শুরু হয়েছে--’, ‘জুলাই স্মৃতি ফাউন্ডেশন গঠিত হয়--’, ‘জাতিসংঘ ফিলিস্তিন দিবস পালন করে--’, ‘ফ্যাসিবাদ শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

এছাড়াও ড. ইউনুসকে নিয়ে একটি প্রশ্ন এসেছে এই শিফটে। প্রশ্নটি হলো- ‘ব্যবসা সংগ্রাম ড. ইউনুস- এর তত্ত্বের নাম কি?’

এদিকে এবারের ‘এ’ ইউনিটের প্রথম শিফটের ভর্তি পরীক্ষায় কয়েকটি ত্রুটিগুর্ণ প্রশ্ন পাওয়া গেছে। সাধারণ জ্ঞান অংশে প্রশ্ন করা হয়েছে, ‘MNA কোন দেশের বার্তা সংস্থা?’ উত্তর হিসেবে চারটি অপশন ছিল- ‘নেপাল’, ‘মায়ানমার’, ‘ভুটান’, ‘মালদ্বীপ’। উল্লেখ্য, এমএনএ হচ্ছে মিডল্যান্ড নিউজ অ্যাসোসিয়েশন (এমএনএ মিডিয়া), যা ইংল্যান্ড ভিত্তিক একটি সংবাদপত্র প্রকাশনা সংস্থা। এটি ১৮৭৪ সালে প্রতিষ্ঠিত হয়। তবে বার্তা সংস্থার স্থলে বিমান সংস্থা হলে উত্তর হত মিয়ানমার। এই অপশনটি উত্তরপত্রে ছিল। সে হিসেবে এমএনএ’র পূর্ণরূপ- ‘মিয়ানমার ন্যাশনাল এয়ারলাইন্স’।

বাংলা অংশে একটি প্রশ্নে ভুল বানান দেওয়া হয়েছে। প্রশ্ন করা হয়েছে, ‘অমোঘ-মহাপ্রাণ ধ্বনিগুচ্ছ হলো-’। উল্লেখ্য, বাংলা বর্ণমালায় ‘অমোঘ’ শব্দের কোনো ধ্বনিগুচ্ছ নেই। এটি হবে অধোৱ।

এছাড়া আরেকটি প্রশ্ন করা হয়েছে ‘দিলদরিয়া কোন সমাস?’ সঠিক উত্তর রূপক কর্মধারয় সমাস তবে উত্তরের অপশনগুলোতে তা ছিলো না। একই অংশে আরেকটি প্রশ্ন করা হয়েছে- ‘আন্না শব্দটির সঙ্গি বিচ্ছেদ কোনটি?’ শব্দটির সঠিক সঙ্গি বিচ্ছেদ হলো- আর+না। এই উত্তরটিও প্রদত্ত চারটি অপশনে পাওয়া যায়নি।

এ ব্যাপারে জানতে চাইলে বিশ্ববিদ্যালয়ের কলা অনুষদের ডিন ও ‘এ’ ইউনিটের ভর্তি পরীক্ষার  
প্রধান সমন্বয়ক অধ্যাপক মোহাম্মদ বেলাল হোসেন বলেন, প্রশ্নপত্রে কিছু ভুল আছে বলে  
শুনেছি। তবে সেগুলো এখনো দেখিনি। তবে এতে শিক্ষার্থীদের কোনো ক্ষতি হবে না। যেসব  
প্রশ্নে ভুল আছে, সেগুলোর পূর্ণ নম্বর সুবিধা সব শিক্ষার্থী পাবেন। এটি মূলত প্রিন্টিং জনিত  
সমস্যার কারণে হয়েছে।